



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

২০২৩-২০২৪ অর্থবছরের জিএসবি'র ইনোভেশন টিমের ৭ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ কামাল হোসেন
	পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	০১/০১/২০২৪ খ্রি.
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	সভাপতির কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

আলোচ্য সূচী:

- ১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত আলোচনা।
- ২। বিবিধ।

আলোচনা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব জনাব রিয়াদুল ইসলাম, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভার আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

০১। সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনায় সদস্য সচিব জানান, গত ২৫ অক্টোবর ২০২৩ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ছকের ১.১ কার্যক্রম মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নের লক্ষ্যে জিএসবি'র ইনোভেশন টিম কর্তৃক বাছাইকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা সমূহ চূড়ান্তকরণ বিষয়ক একটি সভা শাখা প্রধানগণের উপস্থিতিতে আয়োজন করা হয়। উক্ত সভায় আইডিয়া প্রদানকারী টিম/ কর্মকর্তাগণ নিম্নোক্ত উদ্ভাবনী আইডিয়াসমূহ উপস্থাপন করেনঃ

- (১) লাইব্রেরি সেবা (জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে অটোমেশন কার্যক্রম- পর্যায় ১);
- (২) ভূতাত্ত্বিক টার্মফোর্স;
- (৩) স্মার্ট ভূবৈজ্ঞানিক কার্যক্রম- বহিরঙ্গনে ট্যাব ব্যবহারের মাধ্যমে তথ্যপ্রযুক্তির যুগোপযোগী ব্যবহার নিশ্চিতকরণ;
- (৪) ভূ-দুর্যোগ বিষয়ক সেবা প্রদান;
- (৫) ক্ষুদ্রে ভূতত্ত্ববিদ।

উপস্থাপনার শেষে শাখা প্রধানগণ তাদের সুচিন্তিত মতামত/ পরামর্শ প্রদান করেন। উক্ত সভায় শাখা প্রধানগণের মতামত/ পরামর্শের ভিত্তিতে পরিবর্ধন/পরিমার্জন সাপেক্ষে নিম্নোক্ত ০৩ (তিন)টি আইডিয়া প্রাথমিকভাবে নির্বাচন করা হয়ঃ

- (ক) লাইব্রেরি সেবা (জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে অটোমেশন কার্যক্রম- পর্যায় ১);
- (খ) স্মার্ট ভূবৈজ্ঞানিক কার্যক্রম- বহিরঙ্গনে ট্যাব ব্যবহারের মাধ্যমে তথ্যপ্রযুক্তির যুগোপযোগী ব্যবহার নিশ্চিতকরণ;
- (গ) ভূ-দুর্যোগ বিষয়ক সেবা প্রদান।

পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের সাথে আলাপের প্রেক্ষিতে জনাব মোঃ নুরুজ্জামান সবুজ, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কর্তৃক প্রদত্ত ‘লাইব্রেরি সেবা (জিএসবি)’র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে অটোমেশন কার্যক্রম - পর্যায় ১)’ আইডিয়াটি পরিমার্জন করে জিএসবি’র লাইব্রেরী সেবা সহজিকরণের লক্ষ্যে ‘জিএসবি’র লাইব্রেরিকে স্মার্ট লাইব্রেরিতে রূপান্তর’ নামে আইডিয়াটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ইনোভেশন টিমের সদস্যগণ এ সেবা/উদ্ভাবনী উদ্যোগটি জিএসবি’র ওয়েবসাইটে ‘Smart Library of GSB’ শিরোনামে দেয়ার ব্যাপারে মত প্রকাশ করেন। সভাপতি বলেন, নির্বাচিত উদ্ভাবনী আইডিয়াটি এবছর ১৬-০৩-২০২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। তিনি লাইব্রেরী সফটওয়্যার এর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মিনহাজুল আবেদীন শাকীক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এর সাথে যোগাযোগ করতে বলেন। এছাড়াও তিনি উদ্ভাবনী আইডিয়া চূড়ান্তকরণের বিষয়টি একটি অফিস আদেশ জারীর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিতে সদস্য সচিবকে নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতি ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা সংক্রান্ত আলোচনায় বলেন, গত ২৮ অক্টোবর ২০২৩ তারিখে কতিপয় দুষ্টৃতিকারী কর্তৃক জিএসবি’র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিষ্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য স্থাপিত LED Scroll Display Board টি ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি এ বোর্ডটি দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে অনুরোধ করেন।

০৩। Bangladesh Mineral Museum অ্যাপ আপগ্রেডেশন সংক্রান্ত আলোচনায় সদস্য সচিব জানান, App হালনাগাদকরণ কমিটির সভাপতির সাথে আলোচনায় জানা গেছে Bangladesh Mineral Museum অ্যাপটির প্রয়োজনীয় আপগ্রেড ও IOS প্ল্যাটফর্মের জন্য অ্যাপলিকেশনটি তৈরির জন্য প্রায় ছয় লক্ষ টাকার প্রয়োজন হতে পারে। উপস্থিত আলোচকগণ ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার মূল কাজগুলো সম্পন্ন করার পর ইনোভেশন খাতে অর্থ থাকা সাপেক্ষে সম্ভব হলে Bangladesh Mineral Museum অ্যাপটির শুধুমাত্র প্রয়োজনীয় আপগ্রেড এর কাজটি বাস্তবায়ন করা যেতে পারে বলে মত প্রদান করেন।

০৪। ইনোভেশন শোকেসিং সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম বলেন, আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করতে হবে তবে জিএসবি’র আওতাধীন অফিস না থাকায় ২০২৩-২৪ অর্থবছরসহ বিগত বছরগুলোর বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াসমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করতে হবে। তবে যেহেতু জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এ অংশগ্রহণের জন্য মন্ত্রণালয় হতে ইতোমধ্যে জিএসবি হতে ন্যূনতম একটি আইডিয়া প্রস্তুত রাখতে বলা হয়েছে সেহেতু আমাদের বাস্তবায়িত আইডিয়াসমূহ হতে ন্যূনতম একটি আইডিয়া প্রস্তুত রাখতে হবে। সভায় উপস্থিত সদস্যগণ ২০২০-২০২১ অর্থবছরের সেবা সহজিকরণ হিসেবে বাস্তবায়িত ‘সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওটোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ’ শীর্ষক আইডিয়াটি আপাতত শ্রেষ্ঠ আইডিয়া হিসেবে প্রস্তুত রাখার বিষয়ে মত প্রকাশ করেন। সভাপতি জিএসবি’র ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) মার্চের ২য় সপ্তাহে আয়োজনের লক্ষ্যে সকল আইডিয়া বাস্তবায়নকারী টিমকে প্রস্তুত থাকার জন্য পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের সদস্য সচিবকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও তিনি জনাব সৈয়দা জেসমিন হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে মন্ত্রণালয়ের ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এ অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের অনুরোধ জানান। জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক (ভূতত্ত্ব) সভাকে জানান, ২০২১-২০২২ অর্থবছরে ‘সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ’ শীর্ষক বাস্তবায়িত সেবাটির মাধ্যমে তৈরি করা সাইসমিক শট হোল ড্রিলিং যন্ত্রটি বগুড়া অফিসের ষ্টোরে সংরক্ষণ করা আছে। উক্ত যন্ত্রটির কার্যক্ষমতা পরীক্ষা এবং ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এ উক্ত যন্ত্রটি সদর দপ্তরে আনয়ন সম্ভব নয় বিধায় ইনোভেশন শোকেসিং এর অংশ হিসেবে যন্ত্রটির উদ্ভাবক জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপপরিচালক (ভূপদার্থ) ও ইনোভেশন টিমের সদস্যদের বগুড়া অফিসে ভ্রমণ করা প্রয়োজন। সভাপতি আগামী ১৭-২০ জানুয়ারী বগুড়া অফিস ভ্রমণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সদস্য সচিবকে নির্দেশ প্রদান করেন। এছাড়াও উপস্থিত সদস্যগণ জিএসবি’র ইনোভেশন শোকেসিং আইডিয়া বাস্তবায়নকারী সকল উদ্ভাবকগণকে নিয়ে ভালো কোন স্থানে আয়োজন করা এবং শ্রেষ্ঠ উদ্ভাবককে পুরস্কৃত করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০৫। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক আলোচনায় জনাব মোঃ আবু সায়েম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আমাদের এ বছরেও একটি ওয়ার্কশপ/সভা/সেমিনার আয়োজন করতে হবে এবং আগামী ২৫-০৩-২০২৪ তারিখের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। সভাপতি বলেন, গত ২৮-১১-২০২৩ তারিখে অধিদপ্তরের শাখা প্রধানগণ ও উপ-পরিচালকবৃন্দের উপস্থিতিতে আয়োজিত কর্মশালার ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২য় কর্মশালাটি অধিদপ্তরের সহকারী পরিচালক ও অন্যান্য কর্মকর্তাদের অংশগ্রহণে আয়োজন করতে হবে। মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে আগামী ২৪ জানুয়ারী ২০২৪ তারিখে কর্মশালাটি আয়োজন করা যেতে পারে। এ কর্মশালায় আলোচক হিসেবে জনাব মোহাম্মদ ফারুক হোসেন, যুগ্মসচিব (প্রশাসন-২), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ড. মোঃ বদরুদ্দোজা মিয়া, প্রফেসর, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব আব্দুস সাভার, সহকারী অধ্যাপক, ইন্সটিটিউট অফ ইনফরমেশন টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়কে আমন্ত্রণ জানানো যেতে পারে মর্মে উপস্থিত সদস্যগণ মত প্রদান করেন।

ভিশন ২০৪১ এর আলোকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক জিএসবি’র কর্মপরিকল্পনা প্রণয়ন সম্পর্কে জনাব মোঃ হোসেন খসরু, উপ-পরিচালক

(ভূতত্ত্ব) সভাকে জানান, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খসড়া কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ১ম কর্মশালায় উপস্থিত কর্মকর্তাগণ হতে প্রাপ্ত মতামতের উপর ভিত্তি করে একটি খসড়া কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে যা গত ১৯-১২-২০২৩ তারিখে ইনোভেশন টিম আয়োজিত সভায় শাখা প্রধানগণের নিকট উপস্থাপন করা হয়। উক্ত সভায় প্রাপ্ত ফিডব্যাকের উপর ভিত্তি করে আগামী ২০৪১ সাল পর্যন্ত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক জিএসবি'র কর্মপরিকল্পনা দ্রুত প্রস্তুত করা হবে।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	কার্যক্রম	গৃহীত সিদ্ধান্ত	মন্তব্য
০১	[১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	ক) জনাব মোঃ নুরুজ্জামান সবুজ, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কর্তৃক প্রদত্ত 'লাইব্রেরি সেবা (জিএসবি)'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রূপান্তরের লক্ষ্যে অটোমেশন কার্যক্রম - পর্যায় ১)' আইডিয়াটি পরিমার্জন করে জিএসবি'র লাইব্রেরী সেবা সহজিকরণের লক্ষ্যে 'জিএসবি'র লাইব্রেরিকে স্মার্ট লাইব্রেরিতে রূপান্তর' নামে আইডিয়াটি বাস্তবায়ন করা হবে। এ সেবা/উদ্ভাবনী উদ্যোগটি জিএসবি'র ওয়েবসাইটে 'Smart Library of GSB' শিরোনামে থাকবে। খ) লাইব্রেরী সফটওয়্যার এর কাজ দ্রুত বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা জনাব মিনহাজুল আবেদীন শাকীক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকিউরমেন্ট অফিসার, জিএসবি গ্রহণ করবেন। গ) সদস্য সচিব উদ্ভাবনী আইডিয়া চূড়ান্তকরণের বিষয়টি পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার মাধ্যমে একটি অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করবেন।	
০২	[২.১] ইতিপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা	ক) ২০২৩-২০২৪ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার মূল কাজগুলো সম্পন্ন করার পর ইনোভেশন খাতে অর্থ থাকা সাপেক্ষে সম্ভব হলে Bangladesh Mineral Museum অ্যাপটির শুধুমাত্র প্রয়োজনীয় আপগ্রেড এর কাজটি বাস্তবায়ন করা হবে। খ) জিএসবি'র রূপকল্প (Vision), অভিলক্ষ (Mission) উল্লেখযোগ্য আবিষ্কার এবং কার্যক্রমসমূহ জনসাধারণের নিকট ডিজিটাল পদ্ধতিতে প্রদর্শনের জন্য স্থাপিত ক্ষতিগ্রস্ত LED Scroll Display Board টি দ্রুত মেরামতের উদ্যোগ নিতে হবে।	
০৩	[৩.১] ইনোভেশন শোকেসিং	ক) ২০২৩-২৪ অর্থবছরসহ বিগত বছরগুলোতে জিএসবি কর্তৃক বাস্তবায়িত ইনোভেশন আইডিয়াগুলোকে নিয়ে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করতে হবে। মার্চের ২য় সপ্তাহের মধ্যে উক্ত শোকেসিং আয়োজনের লক্ষ্যে সকল আইডিয়া বাস্তবায়নকারী টিমকে প্রস্তুতি গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। খ) ২০২০-২০২১ অর্থবছরের সেবা সহজিকরণ হিসেবে বাস্তবায়িত 'সমন্বিত প্যালিনোলজি ও প্যালিওন্টোলজিক্যাল ডাটাবেজ অ্যাপ আকারে প্রস্তুত করে তথ্য প্রদান সহজিকরণ' শীর্ষক আইডিয়াটি আপাতত শ্রেষ্ঠ আইডিয়া হিসেবে জ্বালানি বিভাগ আয়োজিত শোকেসিং এ অংশগ্রহণের লক্ষ্যে জনাব সৈয়দা জেসমিন হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) প্রস্তুতি গ্রহণ করবেন। এ বিষয়ে ইনোভেশন টিম তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। গ) ২০২১-২০২২ অর্থবছরে 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' শীর্ষক বাস্তবায়িত সেবাটির মাধ্যমে তৈরি করা সাইসমিক শট হোল ড্রিলিং যন্ত্রটির কার্যক্ষমতা পরীক্ষা ও ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এর অংশ হিসেবে যন্ত্রটির উদ্ভাবক জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপপরিচালক (ভূপদার্থ) ও ইনোভেশন টিমের সদস্যগণ আগামী ১৭-২০ জানুয়ারী ২০২৪ বগুড়া অফিস ভ্রমণ করবেন।	

০৪	[৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা আয়োজন এবং কর্মপরিকল্পনা প্রণয়ন	ক) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২য় কর্মশালাটি অধিদপ্তরের সহকারী পরিচালক ও অন্যান্য কর্মকর্তাদের অংশগ্রহণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে আগামী ২৪ জানুয়ারী ২০২৪ তারিখে আয়োজন করা হবে। খ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ১ম কর্মশালায় উপস্থিত কর্মকর্তাগণ হতে প্রাপ্ত মতামত এবং গত ১৯-১২-২০২৩ তারিখে ইনোভেশন টিম আয়োজিত সভায় শাখা প্রধানগণের নিকট হতে প্রাপ্ত ফিডব্যাকের উপর ভিত্তি করে আগামী ২০২১ সাল পর্যন্ত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক জিএসবি'র কর্মপরিকল্পনা দ্রুত প্রস্তুত করতে হবে।	
----	---	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



০৯-০১-২০২৪

মোঃ কামাল হোসেন

পরিচালক (ভূতত্ত্ব)

+৮৮০-২-৮৩৯২১৮৪

planning@gsb.gov.bd

২৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৩। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-২, স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৪। উপ-পরিচালক (ভূতত্ত্ব) -২, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৫। উপ-পরিচালক (ভূপদার্থ)-১, অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৬। উপপরিচালক (রসায়ন)-৩, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৭। উপ-পরিচালক (ড্রিলিং)-২, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৮। সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩, ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এবং
- ৯। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।



Riyadul Islam

০৯-০১-২০২৪

রিয়াদুল ইসলাম

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৩

সকল সংযুক্তিসমূহ:

- (১) পরিশিষ্ট-ক